

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ২৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]

আদেশ

তারিখ, ০৩ বৈশাখ ১৪২১ বঙ্গাব্দ/১৬ এপ্রিল ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১১/মূসক/২০১৪—যেহেতু গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিমিটেড কর্তৃক ক্যান্সার আক্রান্ত রোগীদের সহায়তা করার লক্ষ্যে ০৩ প্রকারের এন্টি-ক্যান্সার নিরোধী ঔষধ বিনামূল্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, জাতীয় ক্যান্সার ইনস্টিটিউট হাসপাতাল সহ বিভিন্ন ক্লিনিক ও হাসপাতালসমূহে অনুদান হিসাবে সরবরাহ করা হইবে;

যেহেতু ক্যান্সার একটি মরণব্যাধি এবং ইহার চিকিৎসা খরচও অত্যধিক এবং আলোচ্য ক্ষেত্রে জড়িত মূসকের পরিমাণও খুব বেশি নয়;

সেহেতু জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪(২) এর ক্ষমতাবলে, গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিমিটেড কর্তৃক অনুদান হিসাবে বিনামূল্যে সরবরাহতব্য নিম্নলিখিত পরিমাণ ঔষধের উপর প্রদেয় ১,০৩,২৮৫.৮১ (এক লক্ষ তিন হাজার দুইশত পঁচাত্তর দশমিক আট এক) টাকা মূল্য সংযোজন কর এতদ্বারা অব্যাহতি প্রদান করিল :

ক্রমিক নং	ঔষধের নাম	প্যাক সাইজ	পরিমাণ	ট্রেড প্রাইস প্রতি প্যাক	ভ্যাট প্রতি প্যাক	এমআরপি ভ্যাট সহ প্রতি প্যাক	মোট ভ্যাট ৮=(৪×৬)
১	২	৩	৪	৫	৬	৭	৮
(১)	জি-অ্যাজাথিওপ্রিন টেবঃ ৫০০এমজি	৩×৬	২৫৯৯	১০৮.২৭	১৮.৪১	১৪৪.০০	৪৭,৮৪৭.৫৯

(১২৯৬৭)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫	৬	৭	৮
(২)	জি-লুমাস্ট্রিন কেপসুল ১০এমজি	৩×৬	২৮৪	৯৪৭.৩৭	১৬১.০৫	১,২৬০.০০	৪৫,৭৩৮.২০
(৩)	জি-টেমস্ক্রিফেন টেবঃ ৫০এমজি	১০×১০	২৫৩	২২৫.৫৬	৩৮.৩৪	১,০০০.০০	৯,৭০০.০২
						মোট	১,০৩,২৮৫.৮১

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ শওকাত হোসেন

প্রথম সচিব (মুসক-অব্যাহতি)।